

বিমান ভাড়া কমলো সিলেট - ঢাকা রুটে

- A Monitor Desk Report

Date: 29 November, 2025



ঢাকাঃ উচ্চ ভাড়ার কারণে যাত্রীদের ব্যাপক ক্ষোভ ও সমালোচনার মুখে সিলেট-ঢাকা আকাশপথে ভাড়া কমিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইনস।

শুক্রবার (২৮ নভেম্বর) সিলেট জেলা প্রশাসক কার্যালয়ের মিডিয়া সেল এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, যাত্রীসেবা উন্নয়ন এবং বর্তমান বাজার পরিস্থিতি বিবেচনায় সিলেট-ঢাকা-সিলেট রুটে বিমানের ভাড়া পুনর্নির্ধারণ করা হয়েছে।

নতুন ভাড়া কাঠামো অনুযায়ী সিলেট-ঢাকা রুটে সর্বনিম্ন ভাড়া নির্ধারণ করা হয়েছে ২ হাজার ২৪ টাকা, ট্যাক্সসহ মোট ৩ হাজার ১৯৯ টাকা।

সর্বোচ্চ ভাড়া নির্ধারণ করা হয়েছে ৭ হাজার ২৪ টাকা, ট্যাক্সসহ মোট ৮ হাজার ১৯৯ টাকা।

বিমান ভাড়া কমানোর সিদ্ধান্তকে যাত্রীরা ইতিবাচক উদ্যোগ হিসেবে দেখছেন।

-B